# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
## প্রধান কার্যালয়, ঢাকা

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০১. | অনলাইনে বিও খোলার সুবিধা চালুকরণ | সেবা সহজিকরণের আওতায় ঘরে বসে বিও হিসাব খোলার সুবিধা প্রদানের জন্য কর্পোরেশনের সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড কর্তৃক ২০২২ সালে বাস্তবায়ন করা হয়। | কার্যকর আছে। | হ্যাঁ | www.istcl.com.bd | |
| ০২. | আইসিবি লাঞ্চ সাবসিডি কার্যক্রম অটোমেশন | আইসিবির কর্মচারীদের লাঞ্চ সাবসিডি প্রদানের কার্যক্রমকে ডিজিটাল সেবায় রুপান্তরের লক্ষ্যে আইসিবি লাঞ্চ সাবসিডি নামে একটি ওয়েব বেইজড সফটওয়্যার উন্নয়ন করা হয়েছে, যা ২০২১ সালে বাস্তবায়িত হয়েছে। | কার্যকর আছে। | হ্যাঁ | http://192.168.15.9:8090/apex/r/icblunch_ws/icblunch/ | সেবার লিংক শুধুমাত্র অফিসের অভ্যন্তরীণ ব্যবহারের জন্য |
| ০৩. | সকলের জন্য ই-মেইল সেবা চালুকরণ | উদ্ভাবনী ধারনা হিসেবে কর্পোরেশনের সকল কর্মচারীর নামে ই-মেইল অ্যাকাউন্ট খোলার মাধ্যমে ২০২২ সালে সকল কর্মচারীকে ই-মেইল সুবিধা প্রদান করা হয়েছে। | কার্যকর আছে। | হ্যাঁ | https://mail.icb.gov.bd/ | |
| ০৪. | সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্লান (এসআইপি) এর মাধ্যমে ইউনিট বিক্রয় সহজিকরণ। | মিউচ্যুয়াল ফান্ড কার্যক্রম পরিচালনাকারী কর্পোরেশনের অন্যতম সাবসিডিয়ারী প্রতিষ্ঠান আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনায় পরিচালিত ১৫টি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগ বৃদ্ধির নিমিত্ত সম্মানিত গ্রাহকের ব্যাংকহিসাব স্বয়ংক্রিয় ডেবিট প্রক্রিয়ায় সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান (এসআইপি) এর মাধ্যমে ইউনিট বিক্রয় সহজিকরণ উদ্যোগটি বাস্তবায়ন করা হয়েছে । ডিজিটাল সেবা তৈরী এবং সেবা সহজীকরণের আওতায় বাস্তবায়িত উদ্যোগটি অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ২০২১ সালে শ্রেষ্ঠ উদ্ভাবনী ধারনা হিসেবে নির্বাচিত হয়েছে। | কার্যকর আছে। | হ্যাঁ | https://www.icbamcl.com.bd/ | |
| ০৫. | আইসিবি ইউনিট ফান্ডের ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণ সেবা সহজীকরণ। | কেন্দ্রীয়ভাবে স্বাক্ষর সংরক্ষণ করার মাধ্যমে এবং প্রধান কার্যালয় হতে তাৎক্ষনিকভাবে স্বাক্ষর সনাক্তকরণ সম্পন্ন করে ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যু করা হয়। এ সেবাটি ২০১৮ সালে সহজীকরণ করা হয়। | কার্যকর আছে। | হ্যাঁ | http://192.168.3.6/UFMS/#/unitr027v1 | সেবার লিংক শুধুমাত্র অফিসের অভ্যন্তরীণ ব্যবহারের জন্য |

30/09/24

মোঃ আতিকুল ইসলাম
সিস্টেম এনালিস্ট ও সেল প্রধান
ইনোভেশন সেল
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

30/09/24

মাহবুবুর রহমান
সিস্টেম ম্যানেজার ও ইনোভেশন অফিসার
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

চলমান পাতা-২

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/ আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০৬. | ইলেকট্রনিক পেনশন পেমেন্ট (ইপিপি)। | কর্পোরেশনের পেনশনভোগী কর্মচারীদের ম্যানুয়াল পদ্ধতিতে চেক প্রদানের পরিবর্তে সরাসরি ব্যাংক হিসাবে অর্থ প্রেরণ করার মাধ্যমে ইলেকট্রনিক পেনশন পেমেন্ট (ইপিপি) বাস্তবায়ন করা হয়। | কার্যকর আছে। | হ্যাঁ | প্রযোজ্য নয়। | |
| ০৭. | বিনিয়োগ হিসাব হতে হিসাব ধারকগণের অনুকূলে তহবিল উত্তোলন প্রক্রিয়া সহজীকরণ। | বিনিয়োগ হিসাব হতে হিসাব ধারকগণের অনুকূলে তহবিল উত্তোলন প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে ম্যানুয়াল পদ্ধতিতে চেক প্রদানের পরিবর্তে বিইএফটিএন এর মাধ্যমে সরাসরি গ্রাহকের ব্যাংক হিসাবে অর্থ প্রেরণ করা হয়। | কার্যকর আছে। | হ্যাঁ | প্রযোজ্য নয়। | |
| ০৮. | বোর্ড মিটিং অটোমেশন | কর্পোরেশনের বোর্ড মিটিং এর সংশ্লিষ্ট তথ্যাদি সংরক্ষণ, যাচাই ও পর্যবেক্ষণের সুবিধাসহ মিটিং অটোমেশন ধারণাটি বাস্তবায়ন করা হয়। | কার্যকর আছে। | হ্যাঁ | প্রযোজ্য নয়। | |
| ০৯. | আইসিবি ইউনিট ফান্ডের সিআইপি ইউনিট ধারকের অনুকূলে খুচরা ফ্র্যাকশনাল লভ্যাংশপত্র বিতরণ | আইসিবি ইউনিট ফান্ডের সিআইপি ইউনিট ধারকগণের অনুকূলে খুচরা (ফ্র্যাকশনাল) লভ্যাংশপত্র ইস্যু করার জন্য কাগজ, মুদ্রণসহ অন্যান্য আনুষঙ্গিক খরচ হয়। এছাড়াও ইউনিট ধারকগণ আইসিবি কার্যালয়ে স্বশরীরে উপস্থিত হয়ে লভ্যাংশপত্র গ্রহণপূর্বক স্ব স্ব ব্যাংকে লভ্যাংশপত্র জমা প্রদান করেন। সেবাটি সহজিকরণের মাধ্যমে প্রাপ্ত ফ্র্যাকশনাল লভ্যাংশের অর্থ সরাসরি তাদের ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়। | কার্যকর আছে। | হ্যাঁ | প্রযোজ্য নয়। | অভ্যন্তরীণ সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে সেবা প্রদান করা হয় |
| ১০. | গ্রাহকদের অনলাইনে আয়কর সংক্রান্ত প্রত্যয়নপত্র প্রদান | বিদ্যমান ব্যবস্থায় আয়কর সংক্রান্ত প্রত্যয়নপত্র সংগ্রহের নিমিত্তে গ্রাহককে আইসিবির যে শাখায় তাদের অ্যাকাউন্ট রয়েছে সেই শাখায় আসতে হয়। এতে তাদের যাতায়াত, সময় ও অর্থ ব্যয় হয়। সেবাটি সহজিকরণ করার ফলে গ্রাহকগণ অনলাইনের মাধ্যমে আয়কর সংক্রান্ত প্রত্যয়নপত্র সংগ্রহ করতে পারেন। ফলে তাদের যাতায়াত, সময় এবং অর্থ সাশ্রয় হচ্ছে। এছাড়া আয়কর সংক্রান্ত প্রত্যয়নপত্রে বিদ্যমান কিউআর কোড স্ক্যান করে সংশ্লিষ্ট অফিস প্রত্যয়নপত্রের সঠিকতা যাচাই করতে পারে। | কার্যকর আছে। | হ্যাঁ | https://icb.org.bd/esheba | |
| ১১. | MyICB | আইসিবি ও তার সাবসিডিয়ারি কোম্পানিসমূহের গ্রাহকগণ তাদের স্মার্ট ফোনের মাধ্যমে যে কোন সময় যে কোন স্থান হতে হিসাব খোলা, পোর্টফোলিও, ক্রয়-বিক্রয় বিবরণী ও আর্থিক বিবরণী প্রাপ্তি, ট্যাক্স সার্টিফিকেট এবং ইনভেস্টমেন্ট সার্টিফিকেট ডাউনলোড করা, মোবাইল ব্যাংকিং, কার্ড, ইন্টারনেট ব্যাংকিং, ওয়ালেট ব্যাংকিং ইত্যাদি চ্যানেলে নিজ নিজ হিসাবে অনলাইনে অর্থ জমা করা, ইউনিট সার্টিফিকেট পুনর্মুদ্রণ সহ বিবিধ সেবা গ্রহণ করতে পারছেন। | কার্যকর আছে। | হ্যাঁ | https://play.google.com/store/apps/details?id=com.opus_bd.icb&hl=en | |

মোঃ আতিকুল ইসলাম
সিস্টেম এনালিস্ট ও সেল প্রধান
ইনোভেশন সেল
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

মাহবুবুর রহমান
সিস্টেম ম্যানেজার ও ইনোভেশন অফিসার
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।